যুগান্তর

তারিখ 13 JAN 2007
পৃষ্ঠা ৩ কলাম ৬

# পুরুষ শিক্ষক আর নয়

যুগান্তর ডেস্ক

দিল্লিতে মেয়েদের প্রাথমিক বিদ্যালয়ে আর কোন পুরুষ শিক্ষককে রাখা হবে না। দিল্লি মিউনিসিপ্যাল করপোরেশনের শিক্ষা বিভাগের পরিচালক ইন্দিরা যাদব শুক্রবার একথা জানান। বেশকিছু যৌন হয়রানির অভিযোগ পাওয়ার পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে এ পদক্ষেপ নেয়া হয়েছে বলে জানানো হয়। ইন্দিরা যাদব বলেন, আমি একথা বলতে পারব না যে, সব পুরুষ শিক্ষককে আমরা অবিশ্বাস করছি। কিন্তু গত দু'বছরে আমরা তিন-চারটা অভিযোগ পেয়েছি। তাই সতর্কতার খাতিরেই মেয়েদের প্রাথমিক বিদ্যালয় থেকে পুরুষ শিক্ষকদের সরিয়ে নেয়ার সিদ্ধান্ত হয়েছে। তিনি জানান, আগামী তিন মাসে বিদ্যালয়গুলো থেকে পুরুষ শিক্ষকদের স্থলে নারী শিক্ষকদের নিয়োগ দেয়া হবে। দিল্লি মিউনিসিপ্যাল করপোরেশনের অধীনে প্রায় ১,২০০ সহশিক্ষা বিদ্যালয় ও মেয়েদের বিদ্যালয় রয়েছে। রয়টার্স।